

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-২  
(www.tmed.gov.bd)

নং -৫৭.০০.০০০০.০৮৫.৬১.০১৮.২০১৭-১৬১

তারিখ: ২৭ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ  
১০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সনের দাখিল পরীক্ষায় দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া এর স্মারক নং-০৫.৪২.১২৩৩.০০১.১১.০১২.২০-৮৮(৪), তারিখ: ০৩/০২/২০২০খ্রি।  
(২) উপজেলা নির্বাহী অফিসারের আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া এর স্মারক নং-০৫.৪২.১২৩৩.০০১.২৮.০০২.২০-৯০, তারিখ: ০৩/০২/২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয়ে ব্রাহ্মণবাড়িয়া, আশুগঞ্জ সার কারখানা স্কুল এন্ড কলেজ ভেন্যুতে গত ০৩/০২/২০২০খ্রি: তারিখে অনুষ্ঠিত দাখিল পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) জন শিক্ষক কোরআন মাজিদ ও তাজত্বীদ বিষয়ের এমসিকিউ প্রশ্নপত্রের সমাধান ও সরবরাহকালে মোবাইল কোর্ট কর্তৃক হাতেনাতে ধৃত হন এবং অভিযোগকৃত শিক্ষকগণ জিজ্ঞাসাবাদে তাদের অপরাধ স্বীকার করেন। তৎপরিস্থিতিতে উক্ত পরীক্ষা কেন্দ্রের নিম্নবর্ণিত কেন্দ্র সচিব ও হল সুপারকে দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করা হয় মর্মে সূত্রে বর্ণিত পত্রে অবহিত করা হয়।

বর্ণিতাবস্থায়, দস্তপ্রাপ্ত ০৫ (পাঁচ) শিক্ষকের অপরাধের সাথে অব্যাহতি প্রাপ্ত কেন্দ্র সচিব ও হল সুপারের সংশ্লিষ্টতা আছে কিনা? তা তদন্তপূর্বক জেলা প্রশাসকের মাধ্যমে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অব্যাহতিপ্রাপ্ত কেন্দ্র সচিব ও হল সুপারঃ

ক্র:নং:	নাম ও পদবী	প্রতিষ্ঠানের নাম	কেন্দ্রের পদবী
১.	আবু বকর মোঃ ছিদ্দিকুর রহমান, অধ্যক্ষ	আড়াইসিধা কামিল মাদ্রাসা	কেন্দ্র সচিব
২.	মোঃ আবদুর রউফ, সুপারিনটেনডেন্ট	নাওঘাটা এ,আর,বি, দাখিল মাদ্রাসা।	হল সুপার

উপজেলা নির্বাহী অফিসার  
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

(সৈয়দ আসগর আলী)  
সহকারী সচিব (মাদ্রাসা-২)  
৯৫৪৯৩৯৬

অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব(মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।